بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

ইসলামের গুরুত্বপূর্ণ কালেমা সমূহঃ

- ইসলামের মৌলিক (প্রধান) ৪টি কালিমাহ
- ইসলামের অন্তর্ভুক্তির পরে (মুসলিমদের জন্য) আরো ২টি কালিমাহ
- ঈমানের (বিশ্বাস স্থাপনের) উপর ২টি কালিমাহ

মোট ৮ (আট) টি কালিমাহ আরবি, বাংলা উচ্চারণ ও অর্থসহ দেওয়া হলোঃ

১. কালিমাহ তাইয়্যিবাহঃ كلمة طيبة

لَا اِلَهَ اِلاَّ اللهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ

উচ্চারণঃ লা- ইলা-হা ইল্লাল্লা-হু মুহাম্মাদুর রসূ-লুল্লা-হ

অর্থঃ আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ (মা’বুদ) নাই, মুহাম্মদ (সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল।

২. কালিমাহ শাহাদাতঃ كلمة شهدات

اَشْهَدُ اَنْ لَّا اِلَهَ اِلَّا اللهُ وَحْدَهُ لَاشَرِيْكَ لَهُ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُه

উচ্চারণঃ

আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ’দাহু লা- শারী-কা লাহ, ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আ’বদুহু- ওয়া রসূ-লুহ

অর্থঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ তাআ'লা ব্যতিত আর কোনো ইলাহ (মা'বুদ) নাই, তিনি এক, তাঁর কোন শরীক নাই, আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) তাঁর বান্দা ও প্রেরিত রাসূল।

৩. কালিমাহ তাওহীদঃ كلمة التوحيد

(ক) প্রথম–الأول

لَا اِلٰهَ اِلَّا اَنْتَ وَاحِدً لَّا ثَانِىَ لَكَ، مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ اِمَامُ الْمُتَّقِيْنَ رَسُولُ رَبِّ الْعٰلَمِيْنَ*

উচ্চারণঃ

লা- ইলা-হা ইল্লা- আংতা ওয়া-হি'দাল্লা-ছা-নিয়া লাকা মুহাম্মাদুর রসূ-লুল্লা-হি ইমা-মুল মুত্তাক্বী-না রসূ-লু রব্বিল আ'লামী-ন।

অর্থঃ (হে আল্লাহ)! তুমি ছাড়া আর কোন ইলাহ (মা'বুদ) নাই, তুমি এক তোমার দ্বিতীয় কেহ নাই, আল্লাহর রাসূল মুহাম্মদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) মুত্তাকীনদের ইমাম (নেতা) এবং বিশ্বজাহানের প্রতিপালকের পক্ষ থেকে বার্তাবাহক (আল্লাহর রাসূল)।

(খ) অথবা–أو

لا اله اِلَّا اللّٰهُ وَحْدَهُ لا شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَ لَهُ الْحَمْدُ يُحْىِ وَ يُمِيْتُ وَ هُوَحَىٌّ لَّا يَمُوْتُ اَبَدًا اَبَدًا * ذُو الْجَلَالِ وَالْاِكْرَامِ * بِيَدِهِ الْخَيْرُ ط وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ*

উচ্চারণঃ লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ'দাহু লা- শারি-কা লাহ, লাহুল মুলকু ওয়া লাহুল হা'মদু ইউহ'য়ি- ওয়া ইউ মি-তু ওয়া হুয়া হা'য়্যুল লা-ইয়ামু-তু আবাদান আবাদা-, যুল জালা-লি ওয়াল ইকরা-ম, বিইয়াদিহিল খাইরু ওয়া হুয়া আ'লা কুল্লি শাইয়িং-কাদী-র।

অর্থঃ আল্লাহ ছাড়া কোনো ইলাহ (মা'বুদ) নাই তিনি এক তার কোনো অংশীদার নেই, সমস্ত সৃষ্টি জগৎ এবং সকল প্রশংসা তাঁরই, তিনি জীবন দেন ও মৃত্যু ঘটান, তিনি চিরঞ্জীব এবং কখনও মৃত্যুবরণ করেন না, তিনি মহিমা ও সম্মানের মালিক, যাঁর হাতে কল্যাণ রয়েছে এবং তিনি সবকিছুর উপর ক্ষমতাবান।

৪. কালিমাহ তামজীদঃ كلمة تامزيد

لَا اِلٰهَ اِلَّا اَنْتَ نُوْرَ يَّهْدِىَ اللهُ لِنُوْرِهِ مَنْ يَّشَاءُ مُحَمَّدٌ رَّسَوْلُ اللهِ اِمَامُ الْمُرْسَلِيْنَ خَا تَمُ النَّبِيِّنَ

উচ্চারণঃ লা-ইলা-হা ইল্লা আং-তা নূ-রাই ইয়াহদিয়া ল্লা-হু লিনূ-রিহী মাই-ইয়াশা--উ, মুহাম্মাদুর রসূ-লুল্লা-হি ইমা-মুল মুরসালী-না খা-তামু ন্নাবিয়্যী-ন।

অর্থঃ (হে আল্লাহ)! তুমি ছাড়া আর কোন মা'বুদ নাই, তুমি জ্যোতির্ময়, যাকে ইচ্ছা তাকেই তোমার নূর দ্বারা পথ প্রদর্শণ কর, মুহাম্মাদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসুল, সকল নবী-রাসুলগণের নেতা, সর্বশেষ নবী।

রুকইয়াহ সেবা সমাধান ফাউন্ডেশন

৫. কালিমাহ রদ্দেকুফরঃ كلمة رد كفر

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنْ اَنْ اُشْرِكَ بِكَ شَيْئً وَّاَنَا اعلَمُ بِه
وَاَسْتَغْفِرُكَ لِمَا اعلَمُ بِهٖ وَمَا لَاَعلَمُ بِهٖ تُبْتُ عَنْهُ وَتَبَرَّأْتُ
مِنَ الْكُفْرِ وَالشِّرْكِ وَالْمَعَاصِىْ كُلِّهَا وَاَسْلَمْتُ وَاٰمَنْتُ
وَاَقُوْلُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

উচ্চারণঃ

আল্লা-হুম্মা ইন্নী-আউ'-যুবিকা মিন আন উশরিকা বিকা শাই আও ওয়া আনা আ'লামু বিহি ওয়া আস্তাগফিরুকা লিমা-আ'লামু বিহি ওয়া মা-লা- আ'লামু বিহি তুবতু আ'নহু ওয়া তাবাররা;তু মিনাল কুফরি ওয়াশ শিরকি ওয়াল মাআ'- ছি-কুল্লিহা- ওয়া আসলামতু ওয়া আ-মাংতু ওয়া আকু–লু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু মুহাম্মাদুর রসূ-লুল্লা-হ।

অর্থঃ হে আল্লাহ! আমি তোমার নিকট আশা করছি, যেনো কাহাকেও তোমার সহিত অংশীদার না করি, আমার জানা–অজানা গুনাহ হতে ক্ষমা চাইতেছি এবং এই সকল (গুনাহ) হতে তওবা করিতেছি * কুফর, শিরক এবং অন্যান্য সমস্ত গুনাহ হতে বিদুরীত (বিমুখ) হইতেছি এবং আমি আত্মসমর্পণ করি এবং বিশ্বাস করি এবং বলি যে আল্লাহ ব্যতীত কোনো মা'বুদ নাই এবং মুহাম্মদ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) আল্লাহর প্রেরিত রাসূল।

৬. কালিমাহ আস্তাগফারঃ

كلمة أستغفر

أَسْتَغْفِرُاللهَ رَبِّىْ مِنْ كُلِّ ذَنْبٍ اَذْنَبْتُهٗ عَمَدًا اَوْ خَطَاً سِرًّا اَوْ
عَلَانِيَةً وَاَتُوْبُ اِلَيْهِ مِنَ الذَّنْبِ الَّذِىْ اَعْلَمُ وَ مِنَ الذَّنْبِ
الَّذِىْ لَا اَعْلَمُ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ وَ سَتَّارُ الْعُيُوْبِ و غَفَّارُ
الذُّنُوْبِ وَ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللهِ الْعَلِىِّ الْعَظِيْمِ

উচ্চারণঃ

আস্তাগফিরুল্লা-হা রাব্বি- মিং- কুল্লি যামবিন আযনাবতুহু আ'মাদান আও খত্বাআং-সিররান আও আ'লা-নিয়াতা ওয়া-আতু-বো ইলাইহি মিনায যামবিল্লাজী-আ'লামু ওয়া মিনায যামবিল্লাজী-লা-আ'লামু ইন্নাকা আংতাল আ'ল্লা-মুল গুয়ু-বি ওয়া সাত্তা-রুল উ'ইউ-বি ওয়া গাফফা-রুয যুনু-বি ওয়া লা-হা'ওলা ওয়ালা-ক্কুওয়াতা ইল্লা-বিল্লা-হিল আ'লিইয়্যিল আ'যি-ম

অর্থঃ আমি আমার প্রতিপালক আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি, যা আমি ইচ্ছাকৃতভাবে বা অনিচ্ছাকৃতভাবে, গোপনে বা প্রকাশ্যে করেছি এমন প্রতিটি পাপের জন্য এবং আমি যে গুনাহ জানি এবং যে পাপ আমি জানি না তার জন্য আমি তাঁর কাছে তওবা করছি, নিশ্চয়ই তিনি আল্লাহ, তিনি সব গোপন কিছু জানেন এবং সব গোপন বিষয় সম্পর্কে অবগত আছেন এবং সমস্ত পাপের ক্ষমাকারী এবং তিনি (আল্লাহ) ছাড়া কোনো ক্ষমতা বা শক্তি নাই, তিনি সবচেয়ে বড় ও সবচেয়ে মহান।

৭. ঈমান-ই মুজমালঃ إيمان مزمال

اٰمَنْتُ بِاللهِ كَمَا هُوَ بِاَسْمَائِهِ وَصِفَاتِهِ وَقَبِلْتُ جَمِيْعَ اَحْكَامِهِ وَاَرْكَانِهِ

উচ্চারণঃ আ-মাং-তু বিল্লা-হি কামা- হুয়া বিআসমা-ইহী ওয়া সিফা-তিহী ওয়া ক্বাবিলতু জামী-আ’ আহ’কা-মিহী ওয়া আরকা-নিহ।

অর্থঃ আমি আল্লাহ তাআ'লার উপর ঈমান আনলাম, তিনি যেমন, তার নামসমূহ ও তাঁর গুণাবলী সহকারে এবং আমি গ্রহণ করেছি তার সমস্ত বিধান ও আরকানকে।

৮. ঈমান-ই মুফাসসালঃ إيمان مفصل

اٰمَنْتُ بِاللهِ وَمَلٰئِكَتِهِ وَكُتُبِهِ وَرَسُوْلِه وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْقَدْرِ خَيْرِه وَشَرِّه مِنَ اللهِ تَعَالٰى وَالْبَعْثِ بَعْدَالْمَوْتِ

উচ্চারণঃ

আ-মাং-তু বিল্লা-হি ওয়া মালা-ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুসূলিহী ওয়াল ইয়াউমিল আ-খিরী, ওয়াল ক্বাদরি খায়রিহী ওয়া শাররিহী মিনাল্লা-হি তাআ’লা-ওয়াল বা;ছি বা’দাল মাও-ত।

অর্থঃ ঈমান আনলাম আল্লাহর উপর তাঁর ফিরিশতাদের উপর তাঁর আসমানী কিতাবসমূহ, তাঁর রাসূলগণ এবং শেষ দিবসের উপর আর তাক্বদীরের ভালো-মন্দের উপর(যা আল্লাহর তরফ হতে হয়ে থাকে) এবং মৃত্যুর পর পুনরুত্থানের উপর। **(সমাপ্ত)**